গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী
(সাধারণ শাখা)
www.nilphamari.gov.bd

# জেলা উন্নয়ন সমন্বয় কমিটির জুন, ২০২৪ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | পঙ্কজ ঘোষ<br>জেলা প্রশাসক, নীলফামারী। |
| স্থান | : | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, নীলফামারী। |
| তারিখ | : | ১৩ জুন, ২০২৪ |
| সময় | : | সকাল ১০.০০ টা |

উপস্থিত সদস্যবৃন্দ, **পরিশিষ্ট ক-তে দেখানো হল**

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানান এবং অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নীলফামারীকে সভার কাজ শুরু করার অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নীলফামারী সভার কাজ শুরু করেন। অত:পর গত মে, ২০২৪ তারিখে অনুষ্ঠিত জেলা উন্নয়ন সমন্বয় কমিটি সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সভায় কার্যপত্রের আলোকে দপ্তর ভিত্তিক আলোচ্য বিষয়াদি উপস্থাপন করা হয়। দপ্তর ভিত্তিক বিস্তারিত আলোচনা ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

| বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১. পতিত জমিতে কৃষি উৎপাদন : বৈশ্বিক পরিস্থিতিতে দেশে খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী ১ ইঞ্চি জমি যেন পতিত না থাকে সে লক্ষ্যে কৃষি বিভাগের পাশাপাশি দেশের খাদ্য ঘাটতি নিরসনে এবং কৃষিতে উৎপাদনের স্বার্থে কৃষি উৎপাদনে সকলকে একযোগে কাজ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়। | ১) সকল দপ্তরের নিজস্ব ফাঁকা পতিত জমিতে শাক-সবজি ও উপযোগী ফলমূল চাষ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২) আবাদযোগ্য অনাবাদি পতিত জমি উদ্বুদ্ধকরণের মাধ্যমে আবাদের আওতায় আনার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। | ১। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর<br>২। সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান |
| ২. সর্বজনীন পেনশন কার্যক্রম বাস্তবায়ন: সর্বজনীন পেনশন কার্যক্রম ত্বরান্বিত করার মাধ্যমে সকলকে পেনশন কার্যক্রমে অন্তর্ভুক্তকরণের কার্যক্রম চলমান রয়েছে। উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে সর্বজনীন পেনশন রেজিস্ট্রেশন মেলা/সমাবেশ আয়োজনের জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করা হয়েছে। সোনালী ব্যাংকসহ প্রত্যেক ইউনিয়ন পরিষদে হেল্পডেস্ক চালুকরণ এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিযুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও ১৭/০৩/২০২৪ উত্তরা ইপিজেডের প্রতিনিধিদের সাথে এবং ১৮/০৩/২০২৪ তারিখ জেলার সকল সরকারি/বেসরকারি দপ্তরের প্রধান,ব্যাংকের প্রতিনিধি,ইউনিয়ন পরিষদের উদ্যোক্তাদের সাথে সর্বজনীন পেনশন স্কিম বাস্তবায়নের লক্ষ্যে করণীয় নির্ধারণ বিষয় সভা আয়োজন করা হয়। | ১। সকল পর্যায়ে সর্বজনীন পেনশন স্কিম প্রচারের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। জেলা প্রশাসন, উপজেলা প্রশাসন, স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ এবং বিভিন্ন তফসিলি ব্যাংক এর যৌথ উদ্যোগে বাস্তবায়ন করতে হবে।<br>০৩। রেজিস্ট্রেশন ও অবহিতকরণ তরান্বিত করার জন্য জেলা ও উপজেলা পর্যায়ে মেলা আয়োজনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। জেলা প্রশাসন<br>২। উপজেলা প্রশাসন<br>৩। স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ<br>৪। বিভিন্ন তফসিলি ব্যাংক |
| ৩. জেলা ওয়েব পোর্টাল: তথ্য অধিকার প্রাপ্তি নিশ্চিতে এ জেলার ওয়েব পোর্টালে www.nilphamari.gov.bd এর হালনাগাদ কার্যক্রম ও তথ্যাদি আপলোড করার বিষয়ে আলোচনা করা হয়। সহকারী প্রোগ্রামার সভায় জেলার বিভিন্ন অফিসের ওয়েব পোর্টাল আপলোড সংক্রান্ত তথ্য উপস্থাপন করেন। যে সকল অফিস তথ্য আপলোডে পিছিয়ে আছে সে সকল অফিস প্রধানগণকে অতি সত্বর তথ্য হালনাগাদ করার জন্য অনুরোধ করা হয়। | ১। জেলার ওয়েব পোর্টালে শতভাগ হালনাগাদকরণের জন্য সকল দপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।<br>২। ওয়েবপোর্টাল হালনাগাদকরণসহ ই-নথি বাস্তবায়নের সর্বশেষ পরিস্থিতি সহকারী প্রোগামার পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | দপ্তর প্রধান (সকল)<br><br>সহকারী প্রোগ্রামার (আইসিটি) |
| ৪. শুদ্ধাচার : সুশাসন সংহতকরণের ক্ষেত্রে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, উদ্ভাবন এবং জাতীয় শুদ্ধাচার কৌশল পরস্পরের পরিপূরক। এগুলো সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) এর যথাযথ বাস্তবায়ন ও প্রশাসনিক কার্যক্রমে গতিশীলতা আনয়নের বিষয়ে আলোচনা হয়। তাছাড়া, যে সকল অফিসের সিটিজেন চার্টার অনেক পুরাতন এবং লেখা অস্পষ্ট সেগুলি হালনাগাদ করার বিষয়ে | ১) সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) হালনাগাদসহ যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।<br>২) যে সকল অফিসের সিটিজেন চার্টার অনেক পুরাতন এবং লেখা অস্পষ্ট সে সকল অফিসের সিটিজেন চার্টার হালনাগাদ করতে হবে। | দপ্তর প্রধান (সকল) |

| | | |
|---|---|---|
| ৫. Autism এবং Neurodevelopmental Disorders : Autism এবং Neurodevelopmental Disorders এবং প্রতিবন্ধী সনদ প্রদানে জনসচেতনতা বৃদ্ধিসহ উপজেলা পর্যায়ে এ সংক্রান্ত কমিটির সভা নিয়মিতভাবে অনুষ্ঠিত করে কার্যবিবরণী প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | Autism এবং Neurodevelopmental Disorders বিষয়ে জনসচেতনতা সৃষ্টি এবং উপজেলা পর্যায়ের কমিটির সভা নিয়মিতভাবে সম্পন্ন করে কার্যবিবরণী প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউএনও (সকল) এবং জেলা সমাজ সেবা কর্মকর্তা নীলফামারী। |
| ৬. পুলিশ বিভাগ, নীলফামারী : পুলিশ সুপার, নীলফামারী সভায় জানান যে, সকলের সম্মিলিত প্রচেষ্টায় জেলার আইন শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। তিনি এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন এবং কোথাও কোন অপ্রীতিকর ঘটনা ঘটলে বা ঘটার সম্ভাবনা থাকলে তা দ্রুত আইন-শৃংখলা বাহিনীকে জানানোর অনুরোধ করেন। | জেলার আইন শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকতে হবে। | পুলিশ সুপার নীলফামারী |
| ৭. স্বাস্থ্য বিভাগ : সিভিল সার্জন, নীলফামারী সভায় জানান এখন ডেঙ্গুর প্রভাব বিস্তার করার সময় এসেছে। ডেঙ্গু সচেতনা বৃদ্ধি করতে হবে, মশারী টাঙ্গিয়ে ঘুমাতে হবে, ফুল শার্ট পড়তে হবে। এছাড়াও জ্বর হলে ডাক্তারের পরামর্শ অনুযায়ী চিকিৎসা নিতে হবে। জ্বর হলে অবশ্যই ডেঙ্গু পরীক্ষা করাতে হবে । এ মাসে ডেঙ্গু রোগীর কোন মৃত্যু নেই। তামাক নিয়ন্ত্রণে কার্যক্রম চলমান রয়েছে। ট্রাস্কফোর্স কমিটির সভা প্রতি ০৩ মাস পর পর অনুষ্ঠিত হচ্ছে। | ডেঙ্গু সচেতনাত বৃদ্ধির জন্য জনসচেতনার জন্য লিফলেট বিতরণ, প্রচার-প্রচারণা এবং অন্যান্য সকল কার্যক্রমসহ স্বাস্থ্য সম্পকির্ত সকল সেবা ও কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিভিল সার্জন, নীলফামারী |
| ৮. গণপূর্ত বিভাগ : নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ সভায় জানান যে, জেলার ৬টি উপজেলা মডেল মসজিদের মধ্যে সদর, সৈয়দপুর, ডোমার ও কিশোরগঞ্জ উপজেলা মডেল মসজিদের শুভ উদ্বোধন গত ৩০/১০/২৩ তারিখে সম্পন্ন হয়েছে।ডিমলা উপজেলা মডেল মসজিদের কাজ সমপন্ন হয়েছে ও জলঢাকা মডেল মসজিদের কাজ চলমান রয়েছে। | ১) ডিমলা উপজেলা মডেল মসজিদের কাজ শেষ হয়েছে ।<br>২) নীলফামারী সদর, ডোমার ও কিশোরগঞ্জ উপজেলায় বধ্যভূমির বিষয়ে বিধি মোতাবেক জমি অধিগ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ<br>২। উপজেলা নির্বাহী অফিসার সংশ্লিষ্ট সকল উপজেলা |
| ৯. এলজিইডি : নির্বাহী প্রকৌশলী, এলজিইডি ২০২৩-২০২৪ অর্থ বছরসহ বিগত অর্থবছরে গৃহীত প্রকল্পসমূহ নির্ধারিত সময়ে সম্পন্ন করা সম্ভব হবে মর্মে সভায় অবহিত করেন। তিনি বলেন জেলায় মোট ১১টি প্রকল্পের আওতায় ৫৩৬টি স্কীমের মধ্যে ইতোমধ্যে ২৮৩টি সমাপ্ত হয়েছে এবং ২৫৩টি চলমান রয়েছে।<br>আষাঢ়,শ্রাবন বর্ষাকালীন হওয়ার সময় এ জেলার কিছু সংখ্যক এলাকা বন্যা প্রবলিত হয় । বন্যার কারনে ঐ সকল এলাকার ব্যাপক ক্ষতিসাধন হয় । এজন্য বন্যার পূর্ব ও পরে রাস্তাগুলোর মেরামত/সংস্কার পূর্ব প্রস্তুতি করা প্রয়োজন । | গৃহীত প্রকল্পসমূহের কাজ গুণগতমান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে শেষ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি |
| ১০. সড়ক বিভাগ : নির্বাহী প্রকৌশলী, সওজ, নীলফামারীর আওতাধীন প্রকল্প সমূহের অগ্রগতি উপস্থাপন করেন। সৈয়দপুর-নীলফামারী মহাসড়কের নীলফামারী শহরাংশে ভূমি অধিগ্রহণ কাজ চলমান রয়েছে। চৌরঙ্গী থেকে গাছবাড়ী রাস্তার কাজের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১। সৈয়দপুর-নীলফামারী মহাসড়কের নীলফামারী শহরাংশে ভূমি অধিগ্রহণ কাজ ত্বরান্বিত করা হয়েছে।<br>২। চৌরঙ্গী থেকে গাছবাড়ী রাস্তার কাজের বিষয়ে প্রস্তাবনার সিদ্ধান্ত গৃহিত হয়। | ১।নির্বা: প্রকৌ: সড়ক বিভাগ, নীলফামারী।<br>২। মেয়র, নীলফামারী পৌরসভা |
| ১১.পানি উন্নয়ন বোর্ড, নীলফামারী : নির্বাহী প্রকৌশলী, ২০২৩-২০২৪ অর্থ বছরসহ বিগত অর্থবছরে গৃহীত প্রকল্পসমূহ নির্ধারিত সময়ে সম্পন্ন করা সম্ভব হবে মর্মে সভায় অবহিত করেন। চাপড়া ইউনিয়নের ইটাপীর নামক স্থানের চারালকাটা নদীর কাজ ৯৬% শেষ হয়েছে এবং মার্চের মধ্যে হ্যান্ডওভার করা যাবে বলে জানা যায়। সক্ষমতা অনুযায়ী নতুন প্রকল্পগুলোর বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম চলমান রয়েছে। তিস্তার কাজ চলমান রয়েছে। ৩৫% কাজ শেষ হয়েছে। জিটিসিএল কার্যক্রম | ১) গৃহীত প্রকল্পসমূহের কাজ গুণগতমান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে শেষ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২) সক্ষমতা অনুযায়ী নতুন প্রকল্পগুলোর বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী পাউবো |

| | | |
|---|---|---|
| **১২. পানি উন্নয়ন বোর্ড, সৈয়দপুর :**<br>১। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, সভায় বাস্তবায়িত প্রকল্পের অগ্রগতি তুলে ধরেন। ১-১০ দিনের মধ্যেই ল্যুপ ওপেন কাজ শুরু করতে পারবে বলে জানান।<br>২। "নীলফামারী জেলার চাড়ালকাটা নদী সোজাকরন এবং বুড়িতিস্তা নদীতীর সংরক্ষন প্রকল্প" শীর্ষক প্রকল্পের আওতায় গৃহীত প্রকল্পের অধিগ্রহণকৃত জমির মালিকগণকে ক্ষতিপূরণের চেক প্রদানের বিষয়টি দ্রুত যাচাই-বাছায় করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার বিষয়টি আলোচনা হয়। | ১। ১-১০ দিনের মধ্যেই ল্যুপ ওপেন কাজ শুরু করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। "নীলফামারী জেলার চাড়ালকাটা নদী সোজাকরন এবং বুড়িতিস্তা নদীতীর সংরক্ষন প্রকল্প" শীর্ষক প্রকল্পের আওতায় গৃহীত প্রকল্পের অধিগ্রহণকৃত জমির মালিকগণকে ক্ষতিপূরণের চেক প্রদানের বিষয়টি দ্রুত যাচাই-বাছায় করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী পাউবো,সৈয়দপুর নীলফামারী। |
| **১৩. পানি উন্নয়ন বোর্ড, ডালিয়া :** নির্বাহী প্রকৌশলী সভায় জানান গুণগতমান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পসমূহের কাজ শেষ করার কার্যক্রম অব্যাহত আছে। তিস্তা ব্যারেজের উজানে ড্রেজিংয়ের মাধ্যমে ভূ-উপরিস্থ পানি সম্পদের সংরক্ষণ ও যথার্থ ব্যবহার শীর্ষক প্রকল্পের ডিপিপি বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে প্রেরণ করা হয়েছে বলে জানা যায়। তাছাড়া ডিমলা ও জলঢাকা উপজেলায় তিস্তা নদীর ভাঙ্গন রোধে ডিপিপি প্রেরণ করা হয়েছে মর্মে আলোচনায় জানা যায় । | ১) গুণগতমান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পসমূহের কাজ শেষ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২) তিস্তা ব্যারেজের উজানে ড্রেজিংয়ের মাধ্যমে ভূ-উপরিস্থ পানি সম্পদের সংরক্ষণ ও যথার্থ ব্যবহার শীর্ষক প্রকল্পের ডিপিপি বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে প্রেরণ করা হয়েছে বলে জানা যায় এবং ডিমলা ও জলঢাকা উপজেলায় তিস্তা নদীর ভাঙ্গন রোধে ডিপিপি গ্রহণের বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী, পাউবো , ডালিয়া, নীলফামারী |
| **১৪. শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, নীলফামারী** : নির্বাহী প্রকৌশলী সভায় বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রমের অগ্রগতি উপস্থাপন করেন। সকল প্রকল্প জুলাই/২০২৪ ইং মাসে শেষ করার পরিকল্পনা রয়েছে। এছাড়া প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি অনুযায়ী পলিটেকনিক্যাল কলেজ এর মাটি ভরাটের কাজ চলমান ।<br>নীলফামারী নিউ মডেলের সদর উপজেলায় তিলাই জয়চন্ডীর বরাদ্দ অনেক আগেই পাওয়া গেছে কিন্তু কাজ শুরু করা হয়নি এখনও। দ্রুত কাজ শুরু করার আহ্বান জানানো হয়। | ১) প্রকল্পসমূহের কাজ গুণগতমান বজায় রেখে নির্ধারিত সময়ে শেষ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২) সব ধরনের আইনি জটিলতা মিটিয়ে প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি অনুযায়ী পলিটেকনিক কলেজ এর মাটি ভরাটের কাজ চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | ১.নির্বাহী প্রকৌশলী , EED নীলফামারী<br>২. জেলা প্রাথ: শিক্ষা অফিসার, নীলফামারী |
| **১৫. স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর :** সহকারী প্রকৌশলী সভায় বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রমের অগ্রগতি উপস্থাপন করেন। জেলায় চলমান ০৬ টি প্রকল্পের গড় অগ্রগতি ৯৯.৯৭% । বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে বলে তিনি জানান। | প্রকল্পসমূহের কাজ গুণগতমান বজায় রেখে নির্ধারিত সময়ে শেষ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহ: প্রকৌশলী HED, নীলফামারী |
| **১৬. জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর :** নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ, সভায় জানান, প্রতিটি প্রাথমিক বিদ্যালয়ের মানসম্মত ওয়াশব্লক নির্মাণের কাজ চলমান রয়েছে এবং অত্র এলাকায় প্রাথমিক বিদ্যালয়ে শতভাগ খাবার পানি নিশ্চিতকরণের কাজ চলমান রয়েছে। আশ্রয়ন প্রকল্পে অগভীর নলকূপ স্থাপনের কাজ চলমান রয়েছে। হত দারিদ্র ও অসহায় দুস্থ মানুষের মাঝে নলকূপ বিতরন ও স্থাপন কাজ চলমান রয়েছে। এছাড়াও গৃহীত প্রকল্পসমূহের কাজ গুণগতমান বজায় রেখে নির্ধারিত সময়ে শেষ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | গৃহীত প্রকল্পসমূহের কাজ গুণগতমান বজায় রেখে নির্ধারিত সময়ে শেষ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী, DPHE নীলফামারী |
| **১৭. স্থানীয় সরকার বিভাগ, নীলফামারী :** উপপরিচালক, স্থানীয় সরকার, নীলফামারী শতভাগ জন্ম নিবন্ধন বাস্তবায়নে মেয়র/ইউপি চেয়ারম্যানগণকে প্রাথমিক শিক্ষা বিভাগ এবং পরিবার পরিকল্পনা বিভাগের সাথে সমন্বয় করে কাজ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | শতভাগ জন্ম নিবন্ধন বাস্তবায়নে মেয়র/ইউপি চেয়ারম্যানগণকে প্রাথমিক শিক্ষা বিভাগ এবং পরিবার পরিকল্পনা বিভাগের সাথে সমন্বয় করে কাজ করার বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিডিএলজি নীলফামারী |
| **১৮. জেলা পরিষদ :** প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নীলফামারী এর নিকট থেকে প্রাপ্ত তথ্য মোতাবেক ২০২৩-২০২৪ অর্থ বছরে এডিপি সাধারণ বরাদ্দ ৬২৫ লক্ষ ও রাজস্ব খাতে বরাদ্দ ২৪ লক্ষ পাওয়া গেছে। ২০২২-২০২৩ অর্থ বছরে এডিপি সাধারণ বরাদ্দ ৬২৫ লক্ষ টাকার বিপরীতে অগ্রগতি ৭২% এবং রাজস্ব খাতে বরাদ্দ ২৪ লক্ষ টাকার বিপরীতে অগ্রগতি ৮০%। | নীতিমালা অনুযায়ী প্রকল্প চূড়ান্তকরণ, প্রকল্প গ্রহণ ও দরপত্র আহবান নির্ধারিত সময়ের মধ্যে যথাযথ মান বজায় রেখে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান নির্বাহী কর্মকর্তা , জেলা পরিষদ , নীলফামারী |

| | | |
|---|---|---|
| **১৯. কৃষি সম্প্রসারণ অধিদপ্তর :** উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর রবি মৌসুমের বিভিন্ন ফসল আবাদের অগ্রগতি এবং কৃষি প্রণোদনা, কৃষি যন্ত্রপাতি বিতরণ ও ব্যবহার এবং রাসায়নিক সারের মজুদ পরিস্থিতিসহ দাপ্তরিক অন্যান্য কার্যক্রম আলোচনা করেন। বাজারে প্রাপ্ত নিম্নমানের বীজ ও কীটনাশকের ব্যবহার রোধে মনিটরিং জোরদার করা হয়েছে বলে তিনি জানান। এ বছর আলু ও পাট খুব ভালো উৎপাদন হয়েছে এছাড়াও বর্তমানে ধান কাটার জন্য মর্ডান যন্ত্র ব্যবহিত হচ্ছে। | ১। কৃষি প্রণোদনা, কৃষি যন্ত্রপাতি বিতরণ এবং রাসায়নিক সারের মজুদ পরিস্থিতি নিয়মিত মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। বাজারে প্রাপ্ত নিম্নমানের বীজ ও কীটনাশকের ব্যবহার রোধে মোবাইল কোর্ট পরিচালনাসহ অন্যান্য কার্যকর ব্যবস্থা নিতে হবে।<br>৩। ভর্তুকি মূল্যে বিভিন্ন কৃষি যন্ত্রপাতি বিতরণ অব্যাহত রাখতে হবে। | ডিডি, ডিএই এবং ইউএনও (সকল) |
| **২০. উত্তরা ইপিজেড :** গত সভার সিদ্ধান্ত মোতাবেক খয়রাতনগর রেলস্টেশনকে আইসিডি কন্টেইনার টার্মিনালে রুপান্তরের বিষয়ে রেলওয়ে কর্তৃপক্ষসহ সংশ্লিষ্ট অন্যান্য দপ্তরের সাথে যোগাযোগ অব্যাহত রাখার বিষয়ে সভায় আলোচনা হয়। | খয়রাতনগর রেলস্টেশনকে আইসিটি কন্টেইনার টার্মিনালে রুপান্তরের বিষয়ে রেলওয়ে কর্তৃপক্ষসহ সংশ্লিষ্ট অন্যান্য দপ্তরের সাথে যোগাযোগ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী পরিচালক, উত্তরা ইপিজেড |
| **২১. মৎস্য বিভাগ :** মে/২০২৪ মাসে মৎস্য রক্ষা ও সংরক্ষণের আওতায় বিভিন্ন উপজেলায় জাটকা, আফ্রিকান মাগুর চাষ ও পিরানহা মাছ প্রতিরোধে ০৮ টি অভিযান পরিচালনা করা হয়েছে। ডিমলা উপজেলায় আফ্রিকান মাগুরের উপর ১টি এবং জাটকা প্রতিরোধে ০১টি মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে। বিভিন্ন হাটবাজার পরিদর্শন করে আফ্রিকান মাগুর, পিরানহা মাছ ও সাকার ফিস বিষয়ে মৎস্যজীবিদের এসমস্ত মাছচাষ থেকে বিরত থাকার জন্য সচেতন করা হয়েছে। মৎস্যজীবিদের পুকুর পরিদর্শন করে মাছের উৎপাদন বিষয়ক বিভিন্ন প্রশিক্ষণ ও পরামর্শ প্রদান করা হয়েছে। | ১) মৎস্য আইন বাস্তবায়নে নিয়মিত মোবাইল কোর্ট ও বিভাগীয় অভিযান পরিচালনা করতে হবে।<br>২) ডোমার উপজেলায় মাছের সাথে ঝিনুক চাষ করে মুক্তা উৎপাদনের জন্য সংশ্লিষ্ট চাষীদের পরামর্শ ও উদ্বুদ্ধকরণ অব্যাহত রাখতে হবে। | জেলা মৎস্য কর্মকর্তা, নীলফামারী। |
| **২২. প্রাণিসম্পদ বিভাগ :** জেলা প্রাণী সম্পদ কর্মকর্তা খামারীদের প্রয়োজনীয় সেবা ও পরামর্শ প্রদানসহ দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে হচ্ছে বলে জানান। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক প্রাণিজ খাদ্যে স্বনির্ভরতা অর্জনের লক্ষ্যে উন্নত জাতের বিদেশী গরু, ছাগল, ভেড়া, হাঁস, মুরগী ইত্যাদি পালনের অনুরোধ করে। এছাড়াও প্রাইমারী স্কুলের শিশুদের দুধ খাওয়ানোর প্রকল্প চলমান রয়েছে এবং এই প্রকল্পের কাজ আরও দেশব্যাপী সম্প্রসারণের কাজ চলমান রয়েছে। বাজারে নিম্নমানের/মেয়াদত্তীর্ণ প্রাণী খাদ্য এবং ঔষধ বিক্রি রোধে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখার বিষয়ে সভায় আলোচনা হয়। এ জেলায় কোরবানীর জন্য ২,৭৬,০০০ টির বেশি পশু রয়েছে। এ জেলায় চাহিদা ১,৪৩,০০০ টির। চাহিদার তুলনায় বেশি পশু রয়েছে যা এ জেলার চাহিদা মিটিয়ে অন্য জেলায় প্রেরণ করা হবে। | ১) উন্নত জাতের বিদেশী গরু, ছাগল, ভেড়া, হাঁস, মুরগী ইত্যাদি পালনের জন্য জনগণকে উদ্বুদ্ধকরণ অব্যাহত রাখাসহ গরু/ছাগলের সংক্রামক রোগের টিকা প্রদান অব্যাহত রাখতে হবে।<br>২) বাজারে নিম্নমানের/মেয়াদত্তীর্ণ প্রাণী খাদ্য এবং ঔষধ বিক্রি রোধে মোবাইল কোর্ট পরিচালনা কার্যক্রম গতিশীল করতে হবে।<br>৩) প্রাইমারী স্কুলের শিশুদের দুধ খাওয়ানোর প্রকল্প চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, নীলফামারী |
| **২৩. বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (ক্ষুদ্রসেচ) :** সহকারী প্রকৌশলী সভায় জানান যে, চলমান বোরো মৌসুমে জেলায় ৩১৫৭২টি সেচযন্ত্র চালুর লক্ষ্যমাত্রা রয়েছে। তন্মধ্যে গভীর নলকূপ-৩৫৭টি, অগভীর নলকূপ-১৮৫৫৫টি, লো-লিফট পাম্প-১৭টি এবং সোলার পাম্প-১৮টি। সেচের বিষয়ে বিদ্যুৎ সমস্যা না হলে কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করায় কোনো সমস্যা হবে না বলেও সভায় জানানো হয়। ভূ-উপরিস্থ পানির ব্যবহার বৃদ্ধিতে এলএলপি স্কিম স্থাপনের জন্য কৃষকগণের সাথে যোগাযোগ করে ডিপিপি তৈরীর কাজ চলমান রয়েছে বলে তিনি জানান। | ১। আমন মৌসুমে চাহিদা অনুযায়ী সেচ নিশ্চিত করার জন্য সেচযন্ত্রসমূহ সচল রাখতে হবে।<br>২) ভূ-উপরিস্থ পানির ব্যবহার বৃদ্ধিতে কৃষকগণকে উদ্বুদ্ধ করতে হবে।<br>৩) সেচের বিষয়ে বিদ্যুৎ সমস্যা না হলে কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ), বিএডিসি, নীলফামারী |
| **২৪. বিএডিসি (বীজ উৎপাদন খামার), নীলফামারী :** সিনিয়র সহকারী পরিচালক (খামার) সভায় জানান যে, ধানের বীজ বপন করা হয়েছে। খামারের আশে পাশে মাদকদ্রব্য সেবনের আলামত পাওয়া গেছে। খামারে মাঝে মধ্যে পুলিশ টহল দেওয়ার অনুরোধ করেন। অফিসের কার্যক্রম স্বাভাবিক রয়েছে বলে তিনি জানান। | ১) দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখাসহ উন্নয়ন কাজ যথাসময়ে সম্পন্ন করতে হবে।<br>২) খামারে মাঝে মধ্যে পুলিশ টহল দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র সহকারী পরিচালক (খামার)<br>পুলিশ সুপার নীলফামারী |

| | | |
|---|---|---|
| **২৫. বীজ বিপণন :** এ বিভাগের কর্মকর্তা সভায় জানান যে, জেলায় আপাতত: বীজের কোন সমস্যা নেই। এ মৌসুমে ৩২ একর জমিতে বীজতলা বোপন করা হয়েছে। কৃষক পর্যায়ে প্রণোদনা হিসেবে উচ্চ ফলনশীন বীজ প্রদান করা হচ্ছে। | কৃষক পর্যায়ে প্রণোদনা হিসেবে উচ্চ ফলনশীন বীজ বিতরণ সঠিকভাবে করতে হবে। | সিনি: সহকারী পরিচালক (বীবি) বিএডিসি, নীলফামারী |
| **২৬. বীজ প্রত্যয়ন এজেন্সী :** জেলা বীজ প্রত্যয়ন অফিসার সভায় জানান যে, জেলায় আপাতত: বীজ প্রত্যয়ন কাজে কোন সমস্যা নেই। এ মৌসুমের বীজ মাঠে আছে। | জেলার চাহিদা মোতাবেক সরকারি ও বেসরকারি পর্যায়ে বোরো বীজ উৎপাদন কার্যক্রম চলমান রয়েছে। | বীজ প্রত্যয়ন কর্মকর্তা |
| **২৭. কৃষি বিপণন অধিদপ্তর, নীলফামারী :** কৃষি বিপণন কর্মকর্তা সভায় জানান যে, নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদি/পণ্য সরবরাহ এবং দ্রব্যমূল্য স্থিতিশীল রাখার বিষয়ে নিয়মিত বাজার মনিটরিং/ অভিযান পরিচালনা করা হচ্ছে। সহকারী পরিচালক,ভোক্তা অধিকার অধিদপ্তর, নীলফামারী এর সহযোগিতায় বাজার মনিটরিং ও অভিযান পরিচালনা করা হয়েছে। | নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদি/পণ্য সরবরাহ এবং দ্রব্যমূল্য স্থিতিশীল রাখার বিষয়ে নিয়মিত বাজার মনিটরিং/অভিযান পরিচালনা করে অভিযানের তথ্য প্রদান অব্যাহত রাখতে হবে। | কৃষি বিপণন কর্মকর্তা, নীলফামারী |
| **২৮. বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ :** নীলফামারী জেলায় বিএমডিএ এর আওতায় ২৮২ টি গভীর নলকূপ রয়েছে এবং তার মধ্যে ১৭২টি ব্যবহার হচ্ছে। গভীর নলকূপসমূহ সেচ প্রদানের জন্য সচল রাখার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১। বিএমডিএ এর আওতায় এ মৌসুমে সেচ প্রদানের জন্য সকল গভীর নলকূপ সচল রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। ভূ-উপরিস্থ পানির ব্যবহার বৃদ্ধিতে কৃষকগণকে উদ্বুদ্ধ করতে হবে। | সহ: প্রকৌশলী বরেন্দ্র বহু: উন্ন: কর্তৃপক্ষ, নীলফামারী |
| **২৯. জেলা শিক্ষা বিভাগ :** জেলা শিক্ষা অফিসার, নীলফামারী সভায় জানান যে, নতুন কারিকুলাম বাস্তবায়নে শিক্ষকদের প্রশিক্ষণ অব্যাহত আছে। | নতুন কারিকুলাম বাস্তবায়নে শিক্ষকদের প্রশিক্ষণ সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা শিক্ষা অফিসার, নীলফামারী |
| **৩০. জেলা প্রাথমিক শিক্ষা বিভাগ:** জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নীলফামারী সভায় জানান যে, দপ্তরের ওয়েব পোর্টাল শতভাগ হালনাগাদ করা হয়েছে। সহকারী শিক্ষক নিয়োগ-২৩ পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ায় মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর মহোদয় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেছেন। জন্ম নিবন্ধন বাধ্যতামূলক করার জন্য প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে এবং সকল উপজেলা শিক্ষা অফিসার ও সহকারী উপজেলা শিক্ষা অফিসারগণকে শিক্ষা কার্যক্রম নিবিড়ভাবে মনিটরিং করার জন্য নির্দেশ প্রদান করা হয়েছে। এ বছর নতুন করে ২০৫ জন সহকারী শিক্ষক নিয়োগ প্রদান করা হয়েছে এবং তাদেরকে বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে যোগদান করা হয়েছে। | ১) দপ্তরের ওয়েব পোর্টাল শতভাগ হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২) শতভাগ জন্ম নিবন্ধন বাস্তবায়নে জেলার সকল প্রাথমিক স্কুলের প্রধান শিক্ষকগণকে স্কুলে ভর্তির সময় জন্ম নিবন্ধন বাধ্যতামূলক গ্রহণের নির্দেশনা প্রদানসহ শিক্ষা কার্যক্রম নিবিড়ভাবে মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা প্রাথ: শিক্ষা অফিস নীলফামারী। |
| **৩১. উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, নীলফামারী :** নতুন শিক্ষা কার্যক্রম বাস্তবায়নে সংশ্লিষ্ট কর্মকর্তা এবং স্থানীয় জনপ্রতিনিধিগণকে সম্পৃক্ত করতে হবে। উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র আওতায় অত্র জেলায় "গণ উন্নয়ন কেন্দ্র" ডিমলা, কিশোরগঞ্জ ও নীলফামারী সদর উপজেলায় এবং "উন্নয়ন পরিষদ(উপ)"নামক অপর একটি সংস্থা ডোমার উপজেলায় কর্মসূচি বাস্তবায়ন করছে। বাস্তবায়নকারী সংস্থা ০৪টি উপজেলায় ২৬৬টি শিখন কেন্দ্রের মাধ্যমে শিক্ষার্থী বালক ৩৯৪৩ জন, বালিকা ৩৭৩৫ জন, মোট ৭৬৭৮ জন শিক্ষার্থী। | বাস্তবায়নকারী সংস্থার মাধ্যমে সকল ধরনের শিক্ষণ কার্যক্রম চলমান রাখার প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। | AD, BNFE নীলফামারী |
| **৩২. জেলা খাদ্য বিভাগ :** জেলা খাদ্য নিয়ন্ত্রক, নীলফামারী সভায় জানান, গুদামে স্থান সংকট নিরসনের লক্ষ্যে বিভিন্ন খাতের খাদ্যশস্য ডি,ও ইস্যুর পর গুদামে না রাখার বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারগণকে অনুরোধ করা হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | আলোচ্য বিষয় বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। পুলিশ সুপার<br>২। জেলা খাদ্য নিয়ন্ত্রক<br>৩। UNO সংশ্লিষ্ট উপজেলা |

| | | |
|---|---|---|
| ৩৩. বন বিভাগ : বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, রংপুর এর প্রতিনিধি চলমান দাপ্তরিক কার্যক্রম সভায় তুলে ধরে বলেন যে, চলতি ২০২৩-২৪ আর্থিক সালে উন্নয়নমূলক কাজের বরাদ্দের বিভাজন পাওয়া গেছে। নীলফামারী এসএফএনটিসির সীমানা প্রাচীর আংশিক নির্মাণ বাবদ-১০,০০,০০০/-টাকা, বিক্রয় বিতরনের চারা উত্তোলন-৭৫,০০০টি, স্ট্রিপ বাগান সৃজন-২০ কি.মি.। অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে বলে আলোচনায় জানা যায়। | ২০২৩-২৪ আর্থিক সালে উন্নয়নমূলক কাজের বরাদ্দের বিভাজন অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখাসহ উন্নয়ন কাজ যথাসময়ে সম্পন্ন করতে হবে। | বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, রংপুর। |
| ৩৪. পরিবার পরিকল্পনা বিভাগ : উপপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর নীলফামারী জানান, দাপ্তরিক কাজ সুষ্ঠভাবে সম্পাদন করা হচ্ছে। উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে জন্ম-মৃত্যু সংক্রান্ত টাস্কফোর্স কমিটির সভাগুলো হয়না বলে আলোচনায় জানা যায়। ০৬ টি উপজেলার পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম অব্যাহত আছে। কার্যক্রমের সক্রিয় সহযোগিতার জন্য মাঠ পর্যায়ে কর্মচারীগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। | ১) জেলায় পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২) জন্ম-মৃত্যু নিবন্ধন কার্যক্রমে সক্রিয় সহযোগীতার জন্য মাঠ পর্যায়ের কর্মচারীগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে। | ডিডি, এফপি, নীলফামারী |
| ৩৫. সমাজসেবা অধিদপ্তর, নীলফামারী : পল্লী সমাজসেবা কার্যক্রম, পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম, দগ্ধ ও প্রতিবন্ধী পুনর্বাসন কার্যক্রম, আশ্রয়ণ প্রকল্প কার্যক্রম এবং শহর সমাজসেবা কার্যক্রমের আওতায় সর্বমোট ক্ষুদ্রঋণ তহবিল (ঘুর্ণায়মান) কার্যক্রম চলমান রয়েছে এবং বয়স্ক ভাতা, অসচ্ছল প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী ছাত্র/ছাত্রীদের শিক্ষা উপবৃত্তি, বিধবা ও স্বামী নিগৃহিতা ভাতা G2P পদ্ধতিতে প্রদান কার্যক্রম চলমান রয়েছে। তাছাড়াও ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড ও জন্মগত হৃদরোগীর আর্থিক সহায়তা কর্মসূচির আওতায় আর্থিক সহায়তা প্রদান চলমান রয়েছে। | সামাজিক নিরাপত্তার বিভিন্ন কর্মসূচিতে প্রকৃত উপকারভোগী চিহ্নিত করতে হবে এবং আর্থিক সহায়তা কর্মসূচির আওতায় আর্থিক সহায়তা কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, নীলফামারী। |
| ৩৬. জেলা ত্রাণ ও পুনর্বাসন বিভাগ : জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা সভায় জানান ২০২৩-২৪ অর্থবছরে কাবিখা-কাবিটা/টিআর ও HBB রাস্তার কাজ চলমান। প্রকল্প ওভারলেপিং না করার বিষয়ে সতর্কতা অবলম্বন করার বিষয়ে সভায় আলোচনা হয়। | ১) নীতিমালা অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন নিশ্চিত করা এবং দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>২) প্রকল্প তালিকা দ্বৈততা পরিহারের জন্য সংশ্লিষ্ট সকলকে সতর্কতা অবলম্বন করতে হবে। | জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, নীল: |
| ৩৭. জেলা মহিলা বিষয়ক অধিদপ্তর, নীলফামারী : উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, নীলফামারী সভায় জানান, ৮টি ট্রেডে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। সকল উপজেলায় পুষ্টি চাল বিতরণ অব্যাহত রয়েছে। এছাড়াও ঋণ আদায় কার্যক্রম চলমান।"জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ" কর্মসূচীর আওতায় অন্তর্ভূক্ত প্রশিক্ষণার্থীদের নারী উদ্দ্যোক্তা হিসেবে তৈরি কার্যক্রম অব্যাহত রয়েছে। | বিভিন্ন কর্মসূচীতে প্রকৃত উপকারভোগী চিহ্নিত করাসহ বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপপরিচালক মহিলা বিষয়ক অধিদপ্তর নীলফামারী |
| ৩৮. পল্লী বিদ্যুৎ সমিতি, নীলফামারী : জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি সভায় জানান বর্তমানে কোনো লোডশেডিং নেই। বকেয়া বিদ্যুৎ বিলসহ সময়মত বিদ্যুৎ বিল পরিশোধ করার জন্য সকলকে অনুরোধ করেন। বোরো মৌসুমে সেচ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করা হয়েছে। | বকেয়া বিদ্যুৎ বিলসহ সময়মত বিদ্যুৎ বিল পরিশোধ করার জন্য কমিটির সকল সদস্যকে অনুরোধ করা হয়। | জিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, নীলফামারী |
| ৩৯. নেসকো লিমিটেড : নির্বাহী প্রকৌশলী, নেসকো লিমিটেড, নীলফামারী গত সভার সিদ্ধান্ত মোতাবেক পাউবো'র অধীনস্ত সেচ ক্যানেলের ডাইকে অপরিকল্পিতভাবে স্থাপিত বিদ্যুতের পোল স্থাপনের বিষয়ে নেসকো এবং পাউবো কর্তৃপক্ষকে আলোচনা করে নির্দিষ্ট স্থানে পোল বসানোসহ এ সংক্রান্ত ব্যয়ভার নেসকো কর্তৃপক্ষকে পরিশোধ করার জন্য পুনরায় | ১) সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে আলোচনা করে নির্দিষ্ট স্থানে পোল স্থাপন করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, নেসকো লি: |

| | | |
|---|---|---|
| ৪০. **সমবায় বিভাগ, নীলফামারী** : ভূমিহীন-গৃহহীন পরিবারকে পূণর্বাসিত করার লক্ষ্যে গুচ্ছগ্রাম ঘরসমূহ সকল প্রকল্প উপকার ভোগীদের নিয়ে সমবায় সমিতি গঠন করা হয়েছে। গুচ্ছাকারে অবশিষ্ট ভুমিহীন ও গৃহহীন পরিবারকে একত্রিত করে সমবায় সমিতি গঠনের চেষ্টা অব্যাহত আছে। এছাড়া প্রশিক্ষণ, অডিট ও প্রকল্প গ্রহণ ইত্যাদি কার্যক্রম চলমান রয়েছে। | ১) বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নসহ আশ্রয়ণ প্রকল্পে ঋণ বিতরণ কার্যক্রম জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২) সমিতিসমূহ নিয়মিত অডিট করতে হবে।<br>৩) আশ্রয়ণ প্রকল্পে সমবায় সমিতি গঠনের কাজ দ্রুত সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা সমবায় অফিসার, নীলফামারী। |
| ৪১. **বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, নীলফামারী** : উপপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড **সভায় জানান**, চলতি অর্থবছরে প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ৬০০ জন। এর মধ্যে ৩৩৮ জনকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। উপজেলা এবং যুব উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে প্রশিক্ষণগুলো হয়ে থাকে। প্রশিক্ষণের মেয়াদ ৩-৯ দিন। ২০২৩-২৪ অর্থবছরে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ৪.২০ কোটি টাকা এবং আদায়ের লক্ষ্যমাত্রা ৩২৩.৪৬ লক্ষ টাকা। মার্চ/২৪ পর্যন্ত ঋণ বিতরণ ২৩৩.৩৬ লক্ষ টাকা এবং আদায় ৩০৪.৮০ লক্ষ টাকা। | ১) প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২) প্রশিক্ষণার্থীদের মাঝে বিধি মোতাবেক ঋণ বিতরণ ও আদায় সুষ্ঠভাবে অব্যাহত রাখাতে হবে। | উপপরিচালক, বিআরডিবি, নীলফামারী |
| ৪২. **যুব উন্নয়ন অধিদপ্তর, নীলফামারী** : উপপরিচালক সভায় জানান যে, জেলা কার্যালয়েএ মাসে ৮৫ জনের প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। ১৮৫ জন যুব/যুব নারীর এবং উপজেলা কার্যালয়ে এ পর্যন্ত ৩৬০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণার্থীর সংখ্যা ৪৯,১৫১ জন। চলতি অর্থবছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী উপজেলা কার্যলয়সমূহের মাধ্যমে ৪,৮০,০০০/- টাকা প্রশিক্ষিত যুবদের যুব উন্নয়ন ঋণ প্রদান করা হয়েছে। | প্রশিক্ষণ ও যুবঋণ প্রদান কার্যক্রম অব্যাহত রেখে শতভাগ লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে। | উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, নীলফামারী |
| ৪৩. **ইসলামিক ফাউন্ডেশন, নীলফামারী** : উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন সভায় জানান, জেলায় ৭টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে নির্মাণ কার্যক্রম চলমান রয়েছে নীলফামারী জেলা মডেল মসজিদ এর শুভ উদ্বোধন হয়েছে। জেলার ৪ উপজেলা সৈয়দপুর,কিশোরগঞ্জ, ডোমার ও সদর উপজেলা মডেল মসজিদ গত ৩০ অক্টোবর, ২০২৩ খ্রি. মাননীয় প্রধানমন্ত্রী শুভ উদ্বোধন করেন। জেলা হজ্জ গাইড প্যানেল গঠন কমিটির সভা ০৫/১১/২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়। ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক জেলায় মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের আওতায় জেলা মনিটরিং সভা অনুষ্ঠিত হয়েছে এবং নিবিড় ভাবে পরিদর্শন অব্যাহত রয়েছে। প্রকল্পের ইমাম ও শিক্ষকগণ কর্তৃক জঙ্গীবাদ ও সন্ত্রাস দমন, বাল্য বিবাহ ও নারী নির্যাতন প্রতিরোধ, মাদক ও ডেঙ্গু প্রতিরোধে জনসচেতনতামূলক কার্যক্রম চলমান রয়েছে। | ১। জেলা এবং উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে যাতে যথারীতি নামাজ ও ধর্মীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হয় সেদিকে খেয়াল রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২। মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের আওতায় জেলা মনিটরিং সভা এবং নিবিড় ভাবে পরিদর্শন অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩। ইমাম ও শিক্ষকগণ কর্তৃক জঙ্গীবাদ ও সন্ত্রাস দমন, বাল্য বিবাহ ও নারী নির্যাতন প্রতিরোধ, মাদক ও ডেঙ্গু প্রতিরোধে জনসচেতনতামূলক কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, নীলফামারী |
| ৪৪. দারোয়ানী ট্রেক্সাইল মিলস : উপ-মহাব্যবস্থাপক,দারোয়ানী টেক্সটাইল মিলস সভায় বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রমের অগ্রগতি উপস্থাপন করেন। মিলটির উৎপাদন কার্যক্রম বর্তমানে বন্ধ রয়েছে। মিলটি মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার প্রকল্প পাবলিক প্রাইভেট পার্টনারশীপ (পিপিপি) এর অর্ন্তভুক্ত বিধায় বর্তমানে পিপিপি,র কার্যক্রমের অংশ হিসেবে মূল্য নির্ধারণের কাজ চলমান রয়েছে। মিলের দপ্তরসমূহ চালু আছে এবং বিভাগীয় কার্যক্রম সমূহ সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। স্বল্প সংখ্যক দৈনিক ভিত্তিক নিরাপত্তা কর্মী দ্বারা মিলের সার্বিক নিরাপত্তা বিধান করা হচ্ছে। | দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | **ডিজিএম দারোয়ানী টেক্সটাইল মিলস।** |

| | | |
|---|---|---|
| **৪৫. বিটিসিএল, নীলফামারী :** নীলফামারী, ডোমার, ডিমলা, সৈয়দপুর এবং জলঢাকা টেলিফোন ও উত্তরা ইপিজেড টেলিফোন এক্সচেঞ্জ AGW(MOTN) সুইচিং কাজের অগ্রগতি অগ্রগতি ১০০%। তাছাড়া অপটিক্যাল ফাইবারের মাধ্যমে দ্রুতগতির ইন্টারনেটসহ GPON টেলিফোন সেবা নীলফামারী এক্সচেঞ্জের আওতায় সকল বিভাগকে গ্রহণের অনুরোধ করেন। | অপটিক্যাল ফাইবারের মাধ্যমে দ্রুতগতির ইন্টারনেটসহ GPON টেলিফোন সেবা গ্রাহক পর্যায়ে আবেদনের প্রেক্ষিতে সংযোগ অব্যাহত রাখতে হবে। | সহকারী ব্যবস্থাপক, বিটিসিএল, নীলফামারী |
| **৪৬. হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, নীলফামারী :** সহকারী পরিচালক, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট সভায় জানান যে, বিভাগের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সভায় নিয়মিত উপস্থিতসহ কার্যপত্র প্রেরণ নিশ্চিত করতে হবে। | সহঃ পরিচালক, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট |
| **৪৭. আনসার ও ভিডিপি, নীলফামারী :** জেলা কমান্ড্যান্ট সভায় জানান যে, মাদকদ্রব্য ও চোরাচালান, বাল্যবিবাহ, নারী ও শিশু নির্যাতন ইভটিজিং ও জঙ্গীবাদ বিরোধী সচেতনতামূলক কার্যক্রম সংক্রান্ত ১৩টি সভা অনুষ্ঠিত হয়। এছাড়াও জেলা কমান্ড্যান্ট সভায় তরুনিবাড়ি রেলওয়ে স্টেশনে রাতের বেলা আলোর পর্যাপ্ত ব্যবস্থা করতে সৈয়দপুর রেলওয়ে কে অনুরোধ জানান। | ১) মাদকদ্রব্য ও চোরাচালান রোধ, বাল্যবিবাহ, নারী ও শিশু নির্যাতন ইত্যাদি বিষয়ে সচেতনতামূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>২) তরুনিবাড়ি রেলওয়ে স্টেশনে রাতের বেলা আলোর পর্যাপ্ত ব্যবস্থা করার প্রস্তাব গৃহীত হয়। | জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি নীলফামারী |
| **৪৮. জেলা তথ্য অফিস, নীলফামারী :** জেলা তথ্য অফিসার, নীলফামারী সভায় জানান, আলোচ্য মাসে চলচ্চিত্র প্রদর্শন-২৯টি, প্রচার (মাইকিং)৩৬টি, পিআই কভারেজ-১১টি, উন্মুক্ত বৈঠক ০২টি এবং সংগীতানুষ্ঠান ০১ টি সুষ্ঠুভাবে সম্পন্ন করা হয়েছে। বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে রয়েছে এবং বর্তমানে কোন সমস্যা নেই। | বিভিন্ন সরকারি অনুষ্ঠানসমূহ সফলভাবে প্রচার করতে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | জেলা তথ্য অফিসার, নীলফামারী। |
| **৪৯. জেলা নির্বাচন অফিস, নীলফামারী :** জেলা নির্বাচন অফিসার, নীলফামারী সভায় উপস্থিত না থাকায় এবং কার্যপত্র পাওয়া না যাওয়ায় কোনো আলোচনা করা সম্ভব হলো না। | সভায় নিয়মিত উপস্থিতি ও কার্যপত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা নির্বাচন অফিসার, নীলফামারী |
| **৫০. বিসিক, নীলফামারী :** উপ-ব্যবস্থাপক, বিসিক, নীলফামারী সভায় জানান বিসিক শিল্পনগরী সৈয়দপুর,নীলফামারীতে ৯২টি প্লটের মধ্যে ৯২ টিই বরাদ্দ দেওয়া হয়েছে। মোট স্থাপিত শিল্প ইউনিট ৪৯টি, ৪৯টি চালু রয়েছে। ২০২৩-২৪ অর্থবছরে সরকারকে প্রদত্ত রাজস্বের পরিমান ৪.৪৫ কোটি টাকা,ক্রমপুঞ্জিত রাজস্ব আদায় ২৮২.৫৭ লক্ষ। মোট কর্মসংস্থান ৬০০০ জন। ২০২৩-২৪ অর্থবছরে মার্চ পর্যন্ত বিসিকের নিজেস্ব তহবিল হতে ১৮ লক্ষ এবং আর্থিক প্রণোদনা প্যাকেজের আবর্তক তহবিল থেকে ৫৮.১ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। বিসিক ওয়ানস্টপ সার্ভিসের মাধ্যমে ৪৭৫টির শিল্প ইউনিটের অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন হয়েছে। | দাপ্তরিক সকল কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-ব্যবস্থাপক, বিসিক, নীলফামারী |
| **৫১. ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, নীলফামারী :**<br>উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সভায় জানান, আলোচ্য মাসে মোট আগুনের সংখ্যা ৬৫টি। মোট আনুমানিক ক্ষতির পরিমান ৫১,৫০,০০০/- টাকা এবং উদ্ধারের পরিমান ৮৬,৯০,০০০/- টাকা। দূর্ঘটনার সংখ্যা ০৭ টি,আহত সংখ্যা ০৬ জন, নিহত সংখ্যা ০০ জন, প্রশিক্ষনাথী সংখ্যা ৫০জন। এছাড়াও দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | ডিএডি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স |
| **৫২. জেলা পরিসংখ্যান অফিস, নীলফামারী**<br>শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন" শীর্ষক প্রকল্পের আওতাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক পরিচালিত মার্চ/২৪ মাসের labour force survey এর তথ্য সংগ্রহ কার্যক্রম চলমান। | তথ্য সংগ্রহ শেষে সদর দপ্তরে প্রতিবেদন প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ডিডি, জেলা পরিসংখ্যান অফিস, নীল: |

| | | |
|---|---|---|
| **৫৩. <u>বাংলাদেশ শিশু একাডেমি, নীলফামারী</u> ঃ** জেলা শিশু বিষয়ক কর্মকর্তা সভায় জানান, শিশু বিকাশ ও প্রাক-প্রাথমিক শিক্ষা কেন্দ্রে ২০২৩ শিক্ষাবর্ষে ৩০+৩০=৬০ জন শিক্ষার্থীর সপ্তাহে সরকারি ছুটি ব্যতীত পাঠদান কার্যক্রম অব্যাহত রয়েছে। | দাপ্তরিক কাজ সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, নীলফামারী। |
| **৫৪. <u>পাট অধিদপ্তর, নীলফামারী</u>** ঃ মুখ্য পাট পরিদর্শক, নীলফামারী পাট ব্যবসায়ীদের লাইসেন্স প্রদানসহ বিভিন্ন পণ্যের মোড়কের বাধ্যতামূলক ব্যবহার সংক্রান্ত অভিযান পরিচালনার বিষয়ে সভায় আলোচনা করেন। পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন ২০১০ বাস্তবায়নের লক্ষ্যে মোবাইল কোর্ট পরিচালনার কার্যক্রম অব্যাহত রয়েছে। | ১) পাট ব্যবসায়ীদের লাইসেন্স প্রদানসহ দাপ্তরিক কাজ সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে।<br>২) পণ্যে পাটের ব্যবহার নিশ্চিতে অভিযান পরিচালনা অব্যাহত রাখতে হবে। | মুখ্য পরিদর্শক, পাট **অধিদপ্তর**, নীলফামারী |
| **৫৫. <u>জেলা সঞ্চয় অফিস</u> :** সহকারী পরিচালক, জেলা সঞ্চয় অফিস সভায় জানান যে, সঞ্চয়ের প্রবণতা নিম্নমুখী। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন অসুবিধা নেই। | লক্ষ্যমাত্রা অনুযায়ী সঞ্চয় কার্যক্রমসহ দাপ্তরিক অন্যান্য কাজ সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | এডি, সঞ্চয় |
| **৫৬. <u>কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, নীলফামারী</u> :** অধ্যক্ষ, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, নীলফামারী বিদেশগামী কর্মীদের প্রশিক্ষণ প্রদান চলমান রয়েছে। আলোচ্য মাসে মোট ১৯ টি ট্রেডে ১১৩৩ জন প্রশিক্ষণ গ্রহণ করেছেন। | প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | অধ্যক্ষ, টিটিসি |
| **৫৭.<u>বাংলাদেশ রেলওয়ে, সৈয়দপুর</u> :** বিভাগীয় তত্ত্বাবধায়ক সৈয়দপুর রেলওয়ে কারখানা আধুনিকায়নের বিষয়ে সভায় আলোচনা করেন। এশিয়ান হাইওয়ে ডোমার বাইপাস রাস্তায় একটি লেভেল ক্রোসিং প্রদান এর বিষয়টিও রেলওয়ে পশ্চিমাঞ্চল, পাকশীকে অবহিত করা হয়েছে মর্মে সভায় জানানো হয়।বাংলাদেশ রেলওয়ের পশ্চিমাঞ্চলের জন্য ৫০টি বিজি ও ৫০টি এমজি ক্যারেজ পুর্নবাসন প্রকল্প একনেকে অনুমোদন হয়েছে এবং বাস্তবায়নের জন্য পরবর্তী পদক্ষেপ গ্রহণ প্রক্রিয়া অব্যাহত রয়েছে। | ১। সৈয়দপুর রেলওয়ে কারখানার আধুনিকায়ন কার্যক্রম অব্যাহত রাখাসহ এশিয়ান হাইওয়ে ডোমার বাইপাস রাস্তায় একটি লেভেল ক্রোসিং প্রদান এর বিষয়টিও রেলওয়ে পশ্চিমাঞ্চল, পাকশীর সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। | ১। ডিএস, সৈয়দপুর রেলওয়ে কারখানা<br>২। সকল স্টেশন মাস্টার, নীলফামারী |
| **৫৮. <u>জেলা ক্রীড়া অফিস, নীলফামারী</u> :**<br>জেলা ক্রীড়া অফিসার সভায় জানান, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যান ফাউন্ডেশন কর্তৃক অচ্ছল,অসুস্থ,আহত ও অসমর্থ ক্রীড়াসেবী এবং তাদের পরিবারের সদস্যদের মাসিক এককালীন ক্রীড়া ভাতা প্রদান করা হয়েছে। বার্ষিক ক্রীড়া কর্মসূচি ২০২৩-২০২৪ অর্থ বছরের আওতায় সৈয়দপুর উপজেলায় অ-১৫ বালক/বালিকাদের মাসব্যাপী সাতার প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে। ক্রীড়া ক্লাব ও শিক্ষা প্রতিষ্ঠানে ক্রীড়া সামগ্রী বিতরণ করা হয়েছে। | ১) বার্ষিক ক্রীড়া কর্মসূচি যথাসময়ে সম্পন্ন করতে হবে।<br>২। শিক্ষা প্রতিষ্ঠান ও ক্রীড়া ক্লাবে ক্রীড়া সামগ্রী বিতরণ অব্যাহত রাখাসহ খেলোয়ারদের সকল ধরনের খেলাধূলায় উৎসাহ প্রদান অব্যাহত রাখতে হবে। | ১।জেলা ক্রীড়া অফিসার, নীল:<br>২। দপ্তর প্রধান (সকল) |
| **৫৯. <u>জেলা শিল্পকলা একাডেমি, নীলফামারী</u> :** বাংলাদেশ শিল্পকলা একাডেমির প্রশিক্ষণ বিভাগের নীতিমালা অনুযায়ী ২০২৩-২৪ শিক্ষাবর্ষে জেলা শিল্পকলা একাডেমি, নীলফামারীতে কন্ঠ সংগীত,নৃত্য,আবৃত্তি/নাটক, তালবাদ্যযন্ত্র, চারুকলাসহ মোট ০৫ টি বিভাগের ভর্তি ও প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও দাপ্তরিক অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগের ভর্তি ও প্রশিক্ষণ কার্যক্রমসহ দাপ্তরিক অন্যান্য কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | কালচারাল অফিসার, জেলা শিল্প: একা:, নীল: |
| **৬০. <u>পিটিআই, নীলফামারী</u> :** সুপারিনটেনডেন্ট, পিটিআই, নীলফামারী সভায় জানান যে, প্রতিষ্ঠানের কার্যক্রম চলমান রয়েছে। পিটিআই এর ২ (দুই) একর জমি বেদখল বিষয়ে আদালতে চলমান মামলা তদারকি করা হচ্ছে। পরিমার্জিত ডিপিএড প্রশিক্ষণের প্রশিক্ষণার্থী শিক্ষকদের শ্রেণী কার্যক্রম চলমান রয়েছে। | প্রতিষ্ঠানের যাবতীয় কার্যক্রমসহ মৌলিক প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সুপারিনটেনডেন্ট, পিটিআই, নীলফামারী |
| ৬১. <u>ঔষধ প্রশাসন</u> : সহকারী পরিচালক, ঔষধ প্রশাসন | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখাসহ | এডি, ঔষধ |

| | | |
|---|---|---|
| **৬২. পরিবেশ অধিদপ্তর** সহকারী পরিচালক, পরিবেশ অধিদপ্তর, নীলফামারী সভায় জানান যে,<br>১. শব্দদূষণ, বায়ুদূষণ নিয়ন্ত্রণের নিষিদ্ধ হাইড্রোলিক হর্ন ও নিষিদ্ধ পলিথিন শপিং ব্যাগ ব্যবহার, মজুদ ও বিক্রয় এর জন্য ০১টি অভিযান পরিচালনা করে মামলা দায়ের সহ ২০০/- টাকা জরিমানা করা হয়েছে।<br>২. পরিবেশ সংক্রান্ত বিভিন্ন অভিযোগ বিষয়ে প্রত্যেক মাসের প্রথম বৃহস্পতিবার গণশুনানী গ্রহণসহ লিফলেট বিতরন করা হয়।<br>৩. জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার অনুমতিক্রমে নীলফামারী জেলার সদর উপজেলার শাহীপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়কে Single Use Plastic(SUP) ফ্রি স্কুল ক্যাম্পাস ঘোষণার জন্য নির্বাচন করা হয়েছে। | ১. জেলা প্রশাসনের সহযোগিতায় বর্ণাঢ্যভাবে ৫ জুন ২০২৪ তারিখে বিশ্ব পরিবেশ দিবস উদযাপন করা হয়।<br>২. আলোচ্য মাসে ২০ টি শিল্প প্রতিষ্ঠান পরিদর্শনপূর্বক শব্দদূষণ ও বায়ুদূষণ নিয়ন্ত্রণের নির্দেশনা প্রদান করা হয়েছে।<br>৩. অত্র কার্যালয়ে প্রত্যেক মাসের প্রথম বৃহস্পতিবার গণশুনানী গ্রহণসহ লিফলেট বিতরণ করা হয়।<br>৪. আলোচ্য মাসে নিষিদ্ধ হাইড্রোলিক হর্ণ ব্যবহারকারী যানবাহনের বিরুদ্ধে ০২টি অভিযান পরিচালনা করে ০৯টি মামলা দায়েরসহ ১৫টি হাইড্রোলিক হর্ণ জব্দ ও ৫০০/- টাকা জরিমানা | এডি, পরিবেশ অধিদপ্তর, নীল: |
| **৬৩. সৈয়দপুর বিমান বন্দর : ১।** বিমানবন্দর ব্যবস্থাপক, বিমানবন্দরের বাউন্ডারী ওয়ালের নীচে সুরঙ্গ করে লোকজন ঢুকে যাতে বিমানবন্দরের নিরাপত্তা বিঘ্নিত না হয় সেদিকে সজাগ দৃষ্টি রাখাসহ ভিভিআইপি/ভিআইপিগণের সাথে অনেক লোক ঢুকে যেন বিমানবন্দরের নিরাপত্তা বিঘ্নিত না হয় সেজন্য সংশ্লিষ্ট সকলকে সহায়তা করার বিষয়ে সভায় আলোচনা হয়। | ১) বিমানবন্দরের রক্ষাবাউন্ডারী ওয়ালের নীচে সুরঙ্গ করে লোকজন ঢুকে বিমানবন্দরের নিরাপত্তা বিঘ্নিত করতে না সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখতে হবে। | বিমানবন্দর ব্যবস্থাপক<br><br>দপ্তর প্রধান (সকল) |
| **৬৪. বিবিধ :**<br>১) মন্ত্রিপরিষদ বিভাগের নির্ধারিত ছক মোতাবেক এসডিজি সংক্রান্ত প্রতিবেদন প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।<br>২) জেলা উন্নয়ন সমন্বয় সভার কার্যপত্র নতুন ছক মোতাবেক প্রতি মাসের ১-১০ তারিখের মধ্যে প্রদান করার জন্য সকল সদস্যকে অনুরোধ করা হয় ।<br>৩। জেলা প্রশাসক সম্মেলন ২০২৪-এর উদ্বোধন অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনাসমূহ বিশেষ গুরুত্ব প্রদানপূর্বক (স্ব-স্ব দপ্তরভিত্তিক) যথাযথভাবে বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ এবং গৃহীত কার্যক্রম সম্পর্কে প্রতিবেদন প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণের জন্য দপ্তর প্রধানগণকে অনুরোধ করা হয়। | ১) মন্ত্রিপরিষদ বিভাগের নির্ধারিত ছক মোতাবেক এসডিজি সংক্রান্ত প্রতিবেদন প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২) সংশোধিত ছক মোতাবেক প্রতি মাসের ১-১০ তারিখেরমধ্যে কার্যপত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩। জেলা প্রশাসক সম্মেলন ২০২৪-এর উদ্বোধন অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনাসমূহ বিশেষ গুরুত্ব প্রদানপূর্বক (স্ব-স্ব দপ্তরভিত্তিক) যথাযথভাবে বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ এবং গৃহীত কার্যক্রম সম্পর্কে প্রতিবেদন প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | অজেপ্র(সা:) নীলফামারী<br><br>দপ্তর প্রধান (সকল) |

পরিশেষে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৭.০৭.২০২৪

পঙ্কজ ঘোষ
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা উন্নয়ন সমন্বয় কমিটি, নীলফামারী।
ফোন: ০২৫৮৯৯৫৫৩০০
dcnilphamari@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী
(সাধারণ শাখা)
www.nilphamari.gov.bd

স্মারক নম্বর-০৫.৪৭.৭৩০০.০০৮.১৫.০১৮.২০২৩- ২০১ তারিখ: ০৭ জুলাই, ২০২৪

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।

০২। সিনিয়র সচিব/সচিব.....................................................................মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

০৪। পুলিশ সুপার,নীলফামারী ।

০৫। পুলিশ সুপার, সৈয়দপুর জিআরপি জেলা, নীলফামারী।

০৬। সিভিল সার্জন, নীলফামারী।

০৭। উপপরিচালক,স্থানীয় সরকার শাখা, নীলফামারী।

০৮। নির্বাহী প্রকৌশলী, ..................................................................., নীলফামারী।

০৯। ..........................................................................................................................নীলফামারী।

১০। উপজেলা নির্বাহী অফিসার, নীলফামারী সদর/ডোমার/ডিমলা/জলঢাকা/কিশোরগঞ্জ/সৈয়দপুর।

১১। জেলা.........................................................অফিসার, নীলফামারী ।

১২। সহকারী কমিশনার, জেলা প্রশাসকের গোপনীয় শাখা, নীলফামারী ( জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৩। সহকারী কমিশনার, আইসিটি শাখা, নীলফামারী কালেক্টরেট (জেলা ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)।

০৭.০৭.২০২৪
মো: তানজীর ইসলাম
সহকারী কমিশনার
সাধারণ শাখা
জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী।